

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৮১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ লাইলাতুল কদরের রাতের পর সকালে সূর্য উদিত হওয়ার বিবরণ

ذِكْنُ صِفَةِ الشَّمْسِ عِنْدَ طُلُوعِهَا صَبِيحَةَ لَيْلَةِ القدر

আরবী

3681 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا عُنْ وَرِّ قَالَ: قُلْتُ لَأُبِي بُنِ كَعْبِ: يَا أَبَا الْمُنْذِرِ إِنَّ أَخَاكَ ابْنَ مَسْعُودٍ يَقُولُ: مَنْ يَقُمِ الْحَوْلَ يُصِبِ لَيْلَةَ الْقَدْرِ فَقَالَ: يَرْحَمُهُ اللَّهُ لَقَدْ أَرَادَ أَنْ لَا تَتَّكِلُوا وَاللَّهُ أَعْلَمُ أَنَّهَا فِي شَهْرِ رَمَضَانَ وَأَنَّهَا فِي الْعَشْرِ الْأَوَاخِرِ وَأَنَّهَا لَيْلَةَ سَبْعِ لَا تَتَكِلُوا وَاللَّهُ أَعْلَمُ أَنَّهَا فِي شَهْرِ رَمَضَانَ وَأَنَّهَا فِي الْعَشْرِ الْأَوَاخِرِ وَأَنَّهَا لَيْلَةَ سَبْعِ وَعِشْرِينَ قَالَ: بِالْعَلَامَةِ أَقْ بِالْآيَةِ الَّتِي وَعِشْرِينَ قَالَ: بِالْعَلَامَةِ أَقْ بِالْآيَةِ التَّتِي وَعِشْرِينَ قَالَ: بِالْعَلَامَةِ أَقْ بِالْآيَةِ النَّتِي شَيْءٍ تَعْرِفُ ذَلِكَ؟ قَالَ: بِالْعَلَامَةِ أَقْ بِالْآيَةِ النَّتِي الْمَالَةِ صلى الله عليه وسلم: (إِنَّ الشَّمْسَ تَطْلُعُ مِنْ ذَلِكَ الْيَوْمِ لَا شعاع لَها)

الراوي: زِرّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

৩৬৮১. যির রহিমাহুল্লাহ বলেন, "আমি উবাই বিন কা'ব রাদিয়াল্লাহু আনহুকে বললাম, হে আবু মুন্যির রাদিয়াল্লাহু আনহু, নিশ্চয়ই আপনার ভাই ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন, "যে ব্যক্তি পুরো বছর কিয়াম করবে, সে লাইলাতুল কদর পাবে।" তখন তিনি বলেন, "আল্লাহ তার প্রতি রহম করুন। নিশ্চয়ই চাইছেন যে, যাতে তোমরা (কয়েক রাতের উপর) ভরসা করে বসে না থাকো। আল্লাহ সর্বাধিক জ্ঞাত। নিশ্চয়ই এটা রম্যান মাসে। সেটা শেষ দশকে এবং সেটা ২৭ তম রজনীতে।"

রাবী বলেন, "আমরা বললাম, হে আবুল মুন্যির, আপনি সেটা কিভাবে চিন্বেন?" জবাবে তিনি বরেন, "কিছু



আলামত বা নিদর্শনের মাধ্যমে, যা আল্লাহর রাসূল সাল্ললাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে জানিয়েছেন। সেদিন সূর্য উদিত হবে এমনভাবে যে, তাতে কিরণ থাকবে না।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২১৯১; হুমাইদী: ৩৭৫; সহীহ মুসলিম: ২/৮২৮; সুনান বাইহাকী: ৪/৩১২; বাগাবী: ১৮২৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭০০; আবূ দাউদ: ১৩৭৮; তিরমিযী: ৭৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ যির ইবন হুবায়শ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন